

Question Bank for PG Course

বাংলা (Bengali)

তৃতীয় পত্র (Paper-III)

Prachin, Madhyayugio, Adhunik Kabita : PGBG-III

1. গৌড়ীয় বৈষ্ণব রসশাস্ত্র অনুযায়ী মুখ্য রস কয়টি ?
2. রসবিচারের নিরিখে 'মেঘনাদবধ কাব্য' কোন্ রসের কাব্য ?
3. ২ নম্বর চর্যাগানে কোন্ দুটি শব্দকে 'সঙ্ক্যাশব্দ' হিসেবে চিহ্নিত করা হয়েছে ?
4. 'নিতে নিতে ষিআলা ষিহে ষম জুব্বা' --- এই পঙক্তিতে 'ষিহে' শব্দের অর্থ কী ?
5. সঙ্কিনী-র 'সার অংশ'-র নাম কী ?
6. 'ক্ষীর অমৃত খাও, বলি যে তোমারে । / সুখে শয্যানিদ্রা যাও হৃদপিণ্ডিতরে ।' --- বক্তা কে ?
7. 'বিদ্যাপতি-রচিত বৈষ্ণব পদগুলি গৌড়ীয় বৈষ্ণব দর্শন অনুযায়ী ব্যাখ্যা করা উচিত' --- উক্তিটির সত্যতা যাচাই করুন ।
8. 'নিজদোষে মজে রাজা লক্ষা-অধিপতি ।' --- কার উক্তি ?
9. 'ইচ্ছা করে, একবার লভি তার স্বাদ ।' --- কোন্ 'স্বাদ'লাভের ইচ্ছা কবি ব্যক্ত করেছেন ?
10. 'নির্মল উজ্জ্বল শুষ্ক যেন দন্ধ হেম ।।' --- কোন্ প্রসঙ্গে কবি একথা বলেছেন ?
11. 'নির্ভুর পীড়নে নিঙাডি বক্ষ দলিত দ্রাক্ষাসম ।' --- 'দলিত দ্রাক্ষাসম' --- এই উপমাটি কোন্ রসের ইঙ্গিতবাহী ?
12. মঙ্গলকাব্য সাহিত্যের কোন্ সংরূপের অন্তর্গত ?
13. 'হায়, দেহ তার, দেখ, সিন্ধু-তীরে ভূপতিত, গিরিশৃঙ্গ কিন্না তরু যথা বজ্রাঘাতে !' --- 'তার' বলতে এখানে কার কথা বলা হয়েছে ?
14. গৌড়ীয় বৈষ্ণব রসশাস্ত্রে মধুর রস কেন শ্রেষ্ঠ ?
15. 'অমিয়া বলিয়া যদি ডুব দিলাঁ তায় ।' --- 'অমিয়া' শব্দের অর্থ কী ?
16. কেতকাদাস ক্ষেমানন্দের মনসামঙ্গল কবে রচিত হয় ?
17. নিজ কৰ্মদোষে মজে লক্ষা-অধিপতি !' --- বক্তা কে ?
18. চর্যাগানের সাধ্যতন্ত্র অনুযায়ী 'আনন্দ' কয় প্রকার ?
19. 'দু'হ মন মনোভব পেশল জনি ।' --- এই পঙক্তিতে 'মনোভব' শব্দের অর্থ কী ?
20. কেতকাদাস ক্ষেমানন্দের মনসামঙ্গল কাব্যে মোট পালা-র সংখ্যা কত ?

21. সৈয়দ আলাওলের 'পদ্মাবতী' কোন্ রীতিতে রচিত ?
22. শাস্ত্রী কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত ?
23. চেরাপুঞ্জির থেকে / একখানি মেঘ ধার দিতে পারো গোবি-সাহারার বৃকে ?' --- কার উদ্দেশে কবির এই জিজ্ঞাসা ?
24. 'সে ভুলে ভুলুক, কোটি মন্বন্তরে / আমি ভুলিব না, আমি কভু ভুলিব না ।।' --- কবিতার এই দুই পঙ্ক্তি কোন্ মানসচেতনার পরিচায়ক ?
25. 'আমি তারে পারি না এড়াতে ...' --- 'তারে' বলতে কবি কাকে বুঝিয়েছেন ?
26. তোমরা সবেরে কোন মতে পাশরিমু । / স্মরণ হইলে মাত্র জ্বলিয়া মরিমু ।।' --- এটি কার উক্তি ?
27. মেঘদূত' কবিতাটির রসবিচার করুন ।
28. চর্যাগানের সাধনতন্ত্রে সহজমহাসুখ কোন্ ক্রমে উর্ধ্বগতিপ্রাপ্ত হয় ?
29. নায়ক দূরদেশে অবস্থান করলে তার নায়িকাকে কী নামে অভিহিত করা হয় ?
30. 'তুমি হেন জামাতা পাইল ভাগ্যবলে । / নয়নের জ্যোতিমোর হইল বৃদ্ধকালে ।।' --- বক্তা কে ?